

ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)
আইসিএমএ ভবন, নীলক্ষেত, ঢাকা-১২০৫
প্রকিউরমেন্ট সেকশন
www.icmab.gov.bd

নম্বর: ২৬.৯৯.০০০০.০০৪.০২.০০১.২৩.১৩৬৩

১৮ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ০৩ ডিসেম্বর ২০২৩

দরপত্র আহবান বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর অডিটোরিয়ামের জন্য সোফা ক্রয়ের নিমিত্তে দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে প্রকৃত ফার্মিচার সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্রে (নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক) দর আহবান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
১।	সোফা (ডাবল সিট)	০৪ টি
২।	সোফা (সিঙ্গেল সিট)	০২ টি

শর্তাবলী:

- ১। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র তফসিল অত্র ইনস্টিটিউটের প্রকিউরমেন্ট শাখা হতে সরবরাহ করা হবে;
- ২। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ০৭/১২/২০২৩ খ্রি. তারিখ বেলা ৪:০০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে;
- ৩। সরবরাহকৃত দ্রব্যাদি কোনো প্রকার সমস্যা/ত্রুটি দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে সরবরাহ করতে হবে, এ জন্য নতুন কোনো বিল দাবী করা যাবে না;
- ৪। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি দরপত্র দিলে বিকল্প দর প্রদান করতে পারবে না;
- ৫। বর্ণিত সরবরাহের কাজ সম্পাদন করে বিল পরিশোধের জন্য ২ (দুই) কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে;
- ৬। প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্য বিল থেকে আয়কর ও ভ্যাটসহ অন্যান্য চার্জ প্রযোজ্য হারে কর্তন পূর্বক অর্থ ও হিসাব বিভাগ-এর মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে;
- ৭। কোনো প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা আইসিএমএবি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

০৩-১২-২০২৩
মোহাম্মদ আবদুর রহিম মাহমুদ
উপ পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি);
- ২। সিস্টেম এনালিস্ট, আই.সি.টি ডিপার্টমেন্ট, ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এবং
- ৩। সহকারী পরিচালক, বাজেট মনিটরিং সেকশন, ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)।

